# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৩৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি সূর্য গ্রহণের সালাত আদায় করে, তারপর সালাতের কিছু আদায় করার পর সূর্য গ্রহণ কেটে যায়, তবে তার জন্য জরুরী হলো বাকী সালাত অন্যান্য সালাতের ন্যায় সম্পন্ন করবে; সূর্যগ্রহণের সালাতের মত আদায় করবে না

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْمَرْءَ إِذَا ابْتَدَأَ فِي صَلَاةِ الْكُسُوفِ وَصَلَّى بَعْضُهَا ثُمَّ انْجَلَتْ عَلَيْهِ أَنْ يُتِمَّ بَاقِي صَلَاتِهِ كَسَائِرِ الصَّلَوَاتِ لَا كَصَلَاةِ الْكُسُوفِ

আরবী

2837 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ عَبْدِ الْأَعْلَى عَنِ الْجُرَيْرِيِّ عَنْ حَيَّانَ بْنِ عُمَيْرٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَمُرَةَ قَالَ: كُنْتُ أَرْمِي بِأَسْهُمٍ بِالْمَدِينَةِ إِذْ خَسَفَتْ فَنَبَذْتُهَا فَقُلْتُ: وَاللَّهِ لَأَنْظُرَنَّ مَا يَحْدُثُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي كُسُوفِ الشَّمْسِ قَالَ: فَأَتَيْتُهُ وَهُوَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَائِمٌ فِي الصَّلَاةِ رَافِعٌ يَدَيْهِ قَالَ: فَجَعَلَ يُسَبِّحُ وَيَحْمَدُ وَيُكَبِّرُ وَيُهَلِّلُ وَيَدْعُو حَتَّى حُسِرَ فَلَمَّا حُسِرَ عَنْهَا قَرَأَ سُورَتَيْنِ وصلى ركعتين.
الراوي : عَبْدِ الرَّحْمَنِ بْن سَمُرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2837 | خلاصة حكم المحدث: صحيح ـ على ان المراد أن ذلك في كل ركعة؛ كما في حديث عائشة (2830) ـ ((صحيح أبي داود)) (1080): م.

বাংলা

২৮৩৭. আব্দুর রহমান বিন সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি মদীনায় তীর নিক্ষেপ করছিলাম। এমন সময় সূর্য গ্রহণ লাগে। তখন আমি তীর ফেলে দিলাম এবং মনে মনে বললাম, “আল্লাহর কসম, অবশ্যই আমি দেখব যে, সূর্য গ্রহণের সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কী অবস্থা ঘটে।”

রাবী বলেন, “তারপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে আসি এমন অবস্থায় যে, তিনি দাঁড়িয়ে

সালাত আদায় করছিলেন, দুই হাত উত্তোলন করে ছিলেন।”

রাবী বলেন, “তারপর তিনি তাসবীহ, তাহমীদ, তাকবীর, তাহলীল ও দু‘আ করতে লাগেন। অতঃপর গ্রহণ শেষ হয়ে যায়। যখন গ্রহণ শেষ হয়ে যায়, তখন তিনি দুটো সূরা পাঠ করে দুই রাকা‘আত সালাত সম্পন্ন করেন।”[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১০৫৯; সহীহ মুসলিম: ৯১২; নাসাঈ: ৩/১৫৩-১৫৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (জুযউল কুসূফ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আব্দুর রহমান ইবন সামুরা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92167

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন